

সুনান ইবনু মাজাহ

হাদিস নম্বরঃ ৩২৬৩

২৩/ আহার ও তার শিষ্টাচার (كتاب الأُطعمة)

পরিচ্ছেদঃ ২৩/৬. হেলান দিয়ে খাদ্যগ্রহণ শিষ্টাচারের পরিপন্থী

بَابُ الْأَكْلِ مُتَّكِنًا

আরবী

حَدَّثَنَا عَمْرُو بْنُ عُثْمَانَ بْنِ سَعِيدِ بْنِ كَثِيرِ بْنِ دِينَارِ الْحِمَصِيِّ، حَدَّثَنَا أَبِي، أَنبَأَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَرَفٍ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ بُسْرِ، قَالَ أَهْدَيْتُ لِلنَّبِيِّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - شَاةً فَجَثَى رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - عَلَى رُكْبَتَيْهِ يَأْكُلُ فَقَالَ أَعْرَابِيٌّ مَا هَذِهِ الْجَلْسَةُ فَقَالَ " إِنَّ اللَّهَ جَعَلَنِي عَبْدًا كَرِيمًا وَلَمْ يَجْعَلْنِي جَبَّارًا عَنِيدًا " .

বাংলা

২/৩২৬৩। আবদুল্লাহ ইবনে বুসর (রাঃ) বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে একটি বকরী হাদিয়া দিলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর উভয় হাঁটু উঁচু করে বসে আহার করছিলেন। এক বেদুঈন বললো, এটা কী ধরনের বসা! তিনি বলেনঃ নিশ্চয় আল্লাহ তা'আলা আমাকে অনুগ্রহপরায়ণ ও বিনয়ী বান্দা বানিয়েছেন, হিংসুক ও অহংকারী বানাননি।

English

'Abdullah bin Busr said:

"I gave the Prophet (ﷺ) a gift of a sheep, and the Messenger of Allah (ﷺ) sat on his knees to eat. A Bedouin said: 'What is this sitting?' He said: 'Allah has made me a humble and generous slave (of Allah) and has not made me arrogant and stubborn.'"

ফুটনোট

আবু দাউদ ৩৭৭৩, সহীহাহ ৩৯৩।

তাহকীক আলবানীঃ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু বুসর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=44227>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন